গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ শাখা
www.emrd.gov.bd

**বিষয়: মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির জানুয়ারি, ২০২৩ মাসের প্রতিবেদন।**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)'র বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন মনিটরিং এর লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে ২৫ জুলাই ২০২২ তারিখে মাস ভিত্তিক পরিশোধিত তেল আমদানির কার্যক্রম মনিটরিং এর জন্য একটি কমিটি গঠন করা হয়। কমিটির কার্যপরিধি অনুযায়ী প্রতি মাসে অন্তত একটিসহ ২০২২-২০২৩ অর্থবছরে ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং বর্ণিত কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে। উক্ত মনিটরিং কমিটির সদস্য-সচিব জনাব এস. এম. জুবায়ের হাসান, ব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (BPC) গত ১৭/০১/২০২৩ তারিখে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড (MPL)'র Main Installation (MI) পরিদর্শন করেন।

২। ২০২২-২৩ অর্থবছরে APA'তে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত চুক্তির অন্যতম কৌশলগত উদ্দেশ্য 'মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কার্যক্রমের আওতায় ৪০ (চল্লিশ) লক্ষ মে. টন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

**বাস্তবায়ন অগ্রগতি:**

**২.১) পরিশোধিত তেল আমদানি কার্যক্রম:**

২০২২-২৩ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৪০ লক্ষ মে. টন পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। দেশের জ্বালানি তেলের চাহিদা পূরণের লক্ষ্যে **জানুয়ারি ২০২৩ মাসে** জাহাজযোগে ১৬ (ষোল)টি পার্সেলের মাধ্যমে এবং রেল ওয়াগনের মাধ্যমে ২ (দুই)টি পার্সেলে জ্বালানি তেল আমদানির পরিকল্পনা গ্রহণ করা হয়। উক্ত পরিকল্পনার পরিপ্রেক্ষিতে আমদানিকৃত জ্বালানি তেলের সারসংক্ষেপ নিম্নরূপ:

পরিমাণ: মেট্রিক টন

| পণ্য | আমদানি পরিকল্পনা (+/-১০%) | আমদানিকৃত পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ডিজেল (NRLসহ) | ৩,৫০,০০০ | ৩,৭৭,৭৭০ | ১। আমদানিসূচী অনুযায়ী মোট ১৬টি পার্সেলে বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠান হতে ৪,৯৭,০২৫ মে.টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয়েছে।<br>২। এছাড়া, নুমালীগড় রিফাইনারী লিমিটেড (NRL) হতে জানুয়ারি, ২০২৩ মাসে রেল ওয়াগনের মাধ্যমে ২ (দুই)টি ট্রিপে প্রায় ৪,৫৫৫ মে. টন ডিজেল গ্রহণ করা হয়েছে। |
| জেটএ-১ | ৫০,০০০ | ৪৮,৩০৯ | |
| ফার্নেস অয়েল | ২৫,০০০ | ২৪,৯৯৫ | |
| অকটেন | ৫০,০০০ | ৫০,৫০৬ | |
| **মোট** | ৪,৭৫,০০০ | ৫,০১,৫৮০ | |

❖ **২.২) পরিদর্শন কার্যক্রম:**


পরিশোধিত তেল আমদানি কার্যক্রম সরেজমিন পরিদর্শনের লক্ষ্যে গত ১৭/০১/২০২৩ তারিখে মনিটরিং কমিটির সদস্য-সচিব জনাব এস. এম. জুবায়ের হাসান, ব্যবস্থাপক (প্রশাসন), BPC পরিশোধিত তেলের মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড (MPL)'র Main Installation (MI) পরিদর্শন করেন। তিনি পরিশোধিত জ্বালানি তেলের ঘনত্ব পরিমাপ, পেট্রোলিয়াম পণ্যের তাপমাত্রা পরিমাপ, পেট্রোলিয়াম পণ্য Ullaging, ল্যাবে সান্দ্রতা পরিমাপ, ঘনত্ব পরিমাপ এবং MPL'র ট্যাঙ্কসহ নানাবিধ কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনের অংশ হিসেবে MPL'র সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

**চলমান পাতা-২**

২.৩) <u>স্থিরচিত্র:</u>



চিত্র-১: পরিশোধিত তেল মনিটরিং কমিটির সদস্য-সচিব কর্তৃক MPL'র প্রধান স্থাপনা পরিদর্শন।




চিত্র-২: পরিশোধিত তেল মনিটরিং কমিটির সদস্য-সচিব কর্তৃক MPL'র ট্যাঙ্ক পরিদর্শন।

৩। ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জুলাই ২০২২ হতে জানুয়ারি, ২০২৩ সময়ের পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ও অর্জনের বিবরণ নিম্নরূপ:

পরিমাণ: লক্ষ মে. টন

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অর্জন | | | | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | জুলাই | আগস্ট | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | জানুয়ারি | |
| ১.১) পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি | ৫০ | ৪.৭১ | ৪.২৯ | ৬.১৫ | ৫.৪৫ | ২.৬০ | ৪.৪৩ | ৫.০২ | ৩২.৬৫ |

উল্লেখ্য, ২০২২-২৩ অর্থবছরে জানুয়ারি ২০২৩ মাসে ৩.৩৩ লক্ষ মে. টন পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ছিল। উল্লিখিত মাসে বিদ্যমান চাহিদার প্রেক্ষিতে ৫.০২ লক্ষ মে. টন পরিশোধিত তেল আমদানি করা হয়, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অর্জন ১৫০.৭৫%।

৪। **<u>কমিটির মন্তব্য/সুপারিশ:</u>**

| **ক্রম** | **মন্তব্য/সুপারিশ** | **বাস্তবায়নে** |
|---|---|---|
| ৩.১ | ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জ্বালানি তেল আমদানির মাসভিত্তিক/বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের চেষ্টা অব্যাহত রাখা প্রয়োজন; | বিপিসি |
| ৩.২ | জ্বালানি তেল স্থাপনার পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত ও অগ্নি নির্বাপণ ব্যবস্থা নিয়মিত পরীক্ষা করা প্রয়োজন; | বিপিসি |
| ৩.৩ | কৃষিসেচ মৌসুমে অতিরিক্ত জ্বালানি তেলের চাহিদা পূরণের জন্য আমদানি পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন; এবং | বিপিসি |
| ৩.৪ | দেশে জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে জ্বালানি তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি করা যেতে পারে। | বিপিসি |

০৫/০২/২০২৩
এস. এম. জুবায়ের হাসান
ম্যানেজার (প্রশাসন)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
ও
সদস্য-সচিব
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি

শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন
উপসচিব (অপারেশন-১)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি

০৫/০২/২০২৩
এ কে এম মিজানুর রহমান
উপসচিব (প্রশাসন-৩)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি

০৫/০২/২০২৩
ড. মোঃ রফিকুল ইসলাম
যুগ্মসচিব (পরিকল্পনা)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহবায়ক
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
বিএসসি ভবন, সল্টগোলা রোড,চট্টগ্রাম

তারিখঃ ০৫/০২/২০২৩ খ্রি.।

## জানুয়ারি ২০২৩ মাসে বিপিসি কর্তৃক আমদানি পরিকল্পনা ও আমদানীকৃত জ্বালানি তেলের সারসংক্ষেপ

❖ দেশের জ্বালানি তেলের চাহিদা পূরণের লক্ষ্যে জানুয়ারি ২০২৩ মাসে জাহাজযোগে ১৬ টি পার্সেলের মাধ্যমে এবং রেল ওয়াগণের মাধ্যমে ০২(দুই) টি পার্সেলে জ্বালানি তেল আমদানির পরিকল্পনা গ্রহণ করা হয়। উক্ত পরিকল্পনার পরিপ্রেক্ষিতে আমদানিকৃত জ্বালানি তেলের সারসংক্ষেপ নিম্নরূপঃ

পরিমাণঃ মেট্রিক টন

| পণ্য | আমদানি পরিকল্পনা (+/-১০%) | আমদানিকৃত পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ডিজেল (এনআরএল সহ) | ৩,৫০,০০০ | ৩,৭৭,৭৭০ | ১। আমদানিসূচী অনুযায়ী মোট ১৬টি পার্সেলে বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠান হতে ৪,৯৭,০২৫ মে.টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয়েছে।<br><br>২। এছাড়া, NRL হতে জানুয়ারি, ২০২৩ মাসে রেল ওয়াগনের মাধ্যমে ০২ (দুই)টি ট্রিপে প্রায় ৪,৫৫৫ মে. টন ডিজেল গ্রহণ করা হয়েছে। |
| জেট এ-১ | ৫০,০০০ | ৪৮,৩০৯ | |
| ফার্নেস অয়েল | ২৫,০০০ | ২৪,৯৯৫ | |
| অকটেন | ৫০,০০০ | ৫০,৫০৬ | |
| মেরিন ফুয়েল | - | - | |
| **মোট** | ৪,৭৫,০০০ | ৫,০১,৫৮০ | |

=০=

**বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন**
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

স্মারকঃ ২৮.০৩.০০০০.০৮২.০৪.০০৭.২১.

তারিখঃ ১৬/০১/২০২৩

## অফিস আদেশ

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে পরিশোধিত তেল মনিটরিং টিমের জানুয়ারি'২৩ মাসের পরিদর্শন কার্যক্রম নিম্নোক্ত সূচি অনুযায়ী পরিদর্শন করে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর | কোম্পানির নাম | সম্ভাব্য পরিদর্শনের তারিখ |
|---|---|---|---|
| ১ | এস, এম, জুবায়ের হাসান<br>ব্যবস্থাপক (প্রশাসন)<br>বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন। | মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড, গুপ্তখাল, চট্টগ্রাম। | ১৭ জানুয়ারি, ২০২৩ |

সংযুক্তিঃ মনিটরিং টিমের অফিস আদেশ।

১৬.০১.২০২৩
(মুহম্মদ আশরাফ হোসেন)
সচিব
ফোনঃ ০৩১-৭১৬৪১৩।

বিতরণঃ
১। সচিবের একান্ত সচিব, জ্বাখসবি।
২। ব্যবস্থাপনা পরিচালক, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড, চট্টগ্রাম।
৩। জনাব এস, এম, জুবায়ের হাসন, ব্যবস্থাপক (প্রশাসন), বিপিসি।
৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিপিসি।
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ শাখা
www.emrd.gov.bd

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২৬.১৬.০০১.২২.৫২

তারিখ: ১৬ মাঘ ১৪২৯
৩০ জানুয়ারি ২০২৩

বিষয়: **সভার নোটিশ**

২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে জানুয়ারি, ২০২৩ মাসে পরিশোধিত তেল আমদানি সংক্রান্ত মনিটরিং কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত কমিটির আহবায়ক ও জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের সভাপতিত্বে আগামী ০২/০২/২০২৩ তারিখ বৃহস্পতিবার দুপুর ২.০০ টায় জুম অ্যাপস প্লাটফর্ম-এর মাধ্যমে নিম্নবর্ণিত লিংকে ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হবে:

Meeting ID: 242 963 7481
Pass code: 012022

২। কমিটির সকল সদস্যকে যথাসময়ে ভার্চুয়াল সভায় সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০-১-২০২৩
শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন
উপসচিব
ফোন: ৫৫১০০২৭১
ইমেইল: dsop1@emrd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) যুগ্মসচিব (পরিকল্পনা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) ব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (জানুয়ারি ২০২৩ মাসের পরিশোধিত তেল আমদানির তথ্যাদিসহ সভায় সংযুক্ত থাকার ও পরিশোধিত জ্বালানি তেল আমদানি মনিটরিং কার্যক্রম পরিদর্শনের স্থিরচিত্র সভার পূর্বে ইমেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২৬.১৬.০০১.২২.৫২/১(৫)

তারিখ: ১৬ মাঘ ১৪২৯
৩০ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) চেয়ারম্যান (সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।

২) অতিরিক্ত সচিব (অপারেশন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) অতিরিক্ত সচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) যুগ্মসচিব (অপারেশন-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) প্রোগ্রামার (আইসিটি শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশ এবং ভার্চুয়াল সভা অয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।

৩০-১-২০২৩
শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন
উপসচিব